

# টাইমস হায়ার এডুকেশন র‍্যাঙ্কিংয়ে প্রথমবার শাবিপ্রবি

শাবিপ্রবি প্রতিনিধি

২৮ সেপ্টেম্বর ২০২৩, ০৯:৪৮ পিএম



বিশ্বের স্বনামধন্য বিশ্ববিদ্যালয়গুলো নিয়ে প্রতিবছর র‍্যাঙ্কিং প্রকাশ করে যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা সাময়িকী 'টাইমস হায়ার এডুকেশন'। এবারের এ মর্যাদাপূর্ণ র‍্যাঙ্কিং-২০২৪ এ প্রথমবারের মতো জায়গা করে নিয়েছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি)।

সম্প্রতি বিশ্বের ১০৪টি দেশের ১ হাজার ৯০৪টি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মান, শিক্ষার্থী-শিক্ষকের অনুপাত, গবেষণার মান, সাইটেশন, আন্তর্জাতিক শিক্ষার্থীসহ কয়েকটি সূচকের ওপর ভিত্তি করে র‍্যাঙ্কিং-২০২৪ প্রকাশ করে 'টাইমস হায়ার এডুকেশন'। এই র‍্যাঙ্কিংয়ে প্রথমবারের মতো ১২০১ থেকে ১৫০০ ক্যাটাগরিতে স্থান করে নেয় শাহজালাল বিশ্ববিদ্যালয়।

এই তালিকায় দেশের মোট ৯টি বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে। এরমধ্যে র‍্যাঙ্কিংয়ে ৮০১ থেকে ১০০০ ক্যাটাগরিতে আছে ব্র্যাক ইউনিভার্সিটি, ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর

বিশ্ববিদ্যালয় ও নর্থ সাউথ ইউনিভার্সিটি। এরপর ১০০১ থেকে ১২০০ ক্যাটাগরিতে স্থান পেয়েছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) ও রাজশাহী বিশ্ববিদ্যালয়।

এবারের র‍্যাঙ্কিংয়ে শীর্ষে আছে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়, দ্বিতীয় স্থানে স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয় এবং তৃতীয় স্থানে ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অফ টেকনোলজি (এমআইটি)।

এ বিষয়ে শাবিপ্রবির উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ বলেন, ‘প্রথমবারের মত আমাদের বিশ্ববিদ্যালয় টাইমস হায়ার এডুকেশন র‍্যাঙ্কিংয়ে স্থান পেয়েছে, এটা আমাদের জন্য অত্যন্ত আনন্দের ও গৌরবের। এই অবস্থানে আসতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীসহ সকলের অনেক অবদান ছিল। আরও ভালো অবস্থানে উঠে আসতে আমাদের চেষ্টা অব্যাহত থাকবে। সকলের আন্তরিক সহযোগিতা থাকলে, আশা করছি আগামীতে আমরা ভালো অবস্থানে যাব। এজন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছি।’